



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
www.tgc.edu.bd

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) শ্রেণিতে
২য় মেধা তালিকায় মনোনীত ও ১ম মেধা তালিকার কোর্স পরিবর্তনকারী (মাইগ্রেশনপ্রাপ্ত) শিক্ষার্থীদের
ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০২/২০১৮ খ্রি.

On Line ভর্তি প্রক্রিয়ার সময়কাল

ভর্তি ফরম ডাউনলোড : ২২/০২/২০১৮ থেকে ২৫/০২/২০১৮ পর্যন্ত
ভর্তি ফি ও ফরম জমাদান : ২৪/০২/২০১৮ থেকে ২৫/০২/২০১৮ বিকাল ৩টা পর্যন্ত

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে ১ম বর্ষ ডিগ্রি (পাস) শ্রেণিতে ভর্তির জন্য ২য় মেধা তালিকায় মনোনীত ও ১ম মেধা তালিকার কোর্স পরিবর্তনকারী (মাইগ্রেশনপ্রাপ্ত) শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে যথাসময়ে ভর্তি প্রক্রিয়া সম্পাদন করার জন্য বলা হল।

ভর্তি ফরম ডাউনলোড, প্রিন্ট ও জমা প্রদান

- উপরে বর্ণিত সময়সীমার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ, ডাউনলোড ও A4 সাইজ অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। Student ID এর বিপরীতে শিওরক্যাশের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। শিওরক্যাশ-এ ফি পরিশোধের Key Word: **TGCDE** [Admission Roll এর পূর্বে **1718** যোগ করে Student ID তৈরী করতে হবে।]
- ভর্তি ফি: বিএ/বিএসএস/বিবিএস: মুসলিম শিক্ষার্থী- ২,৬০০/- অমুসলিম শিক্ষার্থী- ২,৫৫০/-
বিএস-সি: মুসলিম শিক্ষার্থী- ২,৭০০/- অমুসলিম শিক্ষার্থী- ২,৬৫০/-
- টাকা জমা দেওয়ার পর প্রাপ্ত Transaction ID ভর্তি ফরমের উপরে লিখতে হবে।
- অতঃপর Admission Roll ও Transaction ID ব্যবহার করে ঠাকুরগাঁও কলেজের ওয়েব সাইটে (www.tgc.edu.bd) On Line Admission ক্লিক করে On Line-এ কলেজের ভর্তি ফরম পূরণ করতে হবে।
- পূরণকৃত ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নিম্নলিখিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট কমিটির নিকট কন্ট্রোল রুমে জমা দিতে হবে।

কোর্স পরিবর্তনকারী (মাইগ্রেশনপ্রাপ্ত) শিক্ষার্থীদের করণীয়

১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের কোর্স পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম (বিশ্ববিদ্যালয় ও কলেজ) ডাউনলোড করে কমিটির নিকট জমা দিতে হবে। মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে শুধুমাত্র Student ID ও Transaction ID ব্যবহার করে কলেজের ওয়েবসাইটে (www.tgc.edu.bd) On Line Admission ক্লিক করে ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে ভর্তি নিশ্চিত হবে।

ভর্তি ফরমের সাথে যেসব কাগজপত্র জমা দিতে হবে


- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট। (১+১= ০২ কপি)
- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের ফটোকপি ০২ কপি করে। (২+২+২+২= ০৮ কপি)
- পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০৩ (তিন) কপি।
- প্রাথমিক আবেদন ফরমের (এডমিট কার্ড) মূল কপি ও ফটোকপি। (১+১= ০২ কপি)
- বিশেষ কোটার (মুক্তিযোদ্ধার সন্তান, আদিবাসী, প্রতিবন্ধী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানাদি) প্রার্থী হলে তার প্রমাণপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

বি: দ্র: (ক) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

(খ) অসম্পূর্ণ আবেদন ফরম গ্রহণ করা হবে না।


(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো কোর্সে ভর্তি হয়ে থাকলে ভর্তি বাতিল করে ভর্তি হতে হবে।

প্রতিস্বাক্ষর


(প্রফেসর ড. মো. গোলাম কিবরিয়া মন্ডল)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


(মোহাম্মদ শাহজাহান)

সহযোগী অধ্যাপক, প্রাণিবিদ্যা ও আহবায়ক
১ম বর্ষ ডিগ্রি (পাস) শ্রেণি ভর্তি কমিটি/২০১৭-২০১৮
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।